দৈনিক জনকণ্ঠ
03 OCT 1995

BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS

# ব্র্যাকের সাফল্য ॥ ১৯ ছাত্র-ছাত্রী কৃতিত্বের সাথে পরীক্ষায় উত্তীর্ণ



*এসএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা*

শৈশবে প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত দরিদ্র ও ভূমিহীন পরিবার থেকে আগত ১৯ জন ছেলেমেয়ে কৃতিত্বের সঙ্গে এ বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। দারিদ্র্য এবং অন্যান্য কারণে তখন আনুষ্ঠানিক স্কুলে তারা ভর্তি হতে পারেনি। সৌভাগ্যক্রমে আশির দশকের মধ্যভাগে তাদের গ্রামে ব্র্যাক কর্তৃক তিন বছরের বিনামূল্যে শিক্ষা কার্যক্রম শুরু হওয়ায় তারা প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ পায়। তিন বছর পর আরও শিক্ষার প্রতি তাদের অদম্য আগ্রহ দেখা দেয় এবং স্থানীয় ব্র্যাক অফিসের সহায়তায় তারা আনুষ্ঠানিক স্কুলে প্রবেশ করে। এদের মধ্যে এ বছর দশটি মেয়ে এবং নয়টি ছেলে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়। এদের মধ্যে একজন তিনটি লেটারসহ স্টার মার্ক এবং দশজন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়, যাদের জন্য এখন কলেজ শিক্ষার দ্বারও উন্মুক্ত হলো।

এসব কৃতী সন্তানের পিতামাতা তাঁদের প্রতিক্রিয়ায় বলেন, দশ বছর আগে তাদের গ্রামে ব্র্যাক স্কুল প্রতিষ্ঠিত না হলে তাদের সন্তানেরা আজ সম্পূর্ণ নিরক্ষর থেকে যেত।

উল্লেখ্য, শিক্ষা থেকে বঞ্চিত দরিদ্র ও ভূমিহীন কৃষকের সন্তানদের শিক্ষার প্রতি আগ্রহ লক্ষ্য করে বিনামূল্যে তাদের প্রাথমিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে ১৯৮৫ সালে ব্র্যাক মানিকগঞ্জের কয়েকটি গ্রামে পরীক্ষামূলকভাবে ২২টি স্কুল চালু করে। অভিভাবক এবং তাদের সন্তানদের অভূতপূর্ব সাড়া প্রত্যক্ষ করে এই কর্মসূচী প্রায় সারা দেশে দ্রুতগতিতে বিস্তার লাভ করে। বর্তমানে ব্র্যাকের ৩০ হাজার ৫শ' উপ-আনুষ্ঠানিক স্কুলে ৯ লাখ ১৫ হাজার অতি দরিদ্র পরিবারের সন্তান শিক্ষা লাভ করছে, যাদের শতকরা ৭০ ভাগই হচ্ছে মেয়ে। ১৯৮৫ সালে স্থাপিত প্রথম স্কুলে ভর্তি হওয়া ছেলেমেয়েদের মধ্যে তিনটি মেয়ে এবং একটি ছেলে গত বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে কলেজে পড়ছে।

সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে, ব্র্যাক স্কুল থেকে লেখাপড়া শুরু করা শিশুদের মধ্যে ১৫০ জন ছেলেমেয়ে বর্তমানে বিভিন্ন স্কুলে নবম ও দশম শ্রেণীতে লেখাপড়া করছে এবং এদের আগামীতে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পথ সুগম করার উদ্দেশ্যে ব্র্যাক বৃত্তি প্রদানের ব্যবস্থাও গ্রহণ করেছে।